# iAccountsPro

## iAccountsPro.Com

## <u>Accounting Software for Production Units</u>

## User Manual/ব্যবহারকারী নির্দেশিকা

সুচিঃ

০১। ব্যাবহারকারী (User) পরিচিতি এবং তৈরীকরন

০২। সেট আপ (Setup)

০৩। প্রারম্ভিক জের (Opening Balance)

০৪। দৈনিক ডাটা এন্ট্রি

ক। ক্রয়

খ। উৎপাদনের কাঁচামাল ইস্যু

গ। উৎপাদিত পণ্য স্টক এন্ড ষ্টোর

ঘ। বিক্রয়

ঙ। অন্যান্য খরচ

০৫। রিপোর্ট সমূহ

**বিশেষ দ্রষ্টব্যঃ**

**iAccountsPro** তে যে কোন ইনভয়েস বা বিল তৈরী করলে ষ্টক স্বয়ংক্রিয় ভাবেই আপডেট হয়ে যায়। এছাড়াও ট্রায়াল ব্যাল্যান্স, ইনকাম স্টেটমেন্ট ও ব্যালান্স শীট পর্যন্ত রিপোর্ট তৈরী হয়ে যায়।

Advance Bangla Software & Technology Ltd.
Planners Tower, Flr # 14, Rm # 4, 13A CR Dutta Rd. Banglamotor. Dhaka.
Tel 01711540378, 58615792. Email md@ABSTLtd. Com  Web: Abstltd.com

**০১। ব্যাবহারকারী পরিচিতি এবং তৈরীকরন (User setup)**

iAccountsPro তে ব্যবহারকারী চার ধরনেরঃ এডমিন, ডাটা এডমিন, ডাটা ম্যানেজার, ডাটা এন্ট্রি। এদের কাজ নিচে দেওয়া হোল।

ক) এডমিন – ইউজার তৈরী, পাসওয়ার্ড পরিবর্তন এবং রহিতকরন (Active/Inactivate)

খ) ডাটা এডমিন – চার্ট অব একাউন্টস, ব্রাঞ্চ, ইউনিট, প্রোডাক্ট, রেট, পার্টি তৈরীকরন

গ) ডাটা ম্যানেজার – ডাটা এন্ট্রি প্রদত্ত এন্ট্রি এডিট করন (Edit & Delete)

ঘ) ডাটা এন্ট্রি – ইনভয়েস, বিল, ফেরত, ভাউচার ইত্যাদি সমস্ত ডাটা এন্ট্রি করন

আলোচনা অনুসারে প্রয়োজনীয় ব্যবহারকারী তৈরী করুন। আপনার কাজ করতে এই চার ধরনের ব্যবহারকারীই প্রয়োজন হবে।

**০২। সেট আপঃ করার জন্য ডাটা এডমিন ব্যবহারকারী ব্যবহার করে লগ ইন করুন। এবার**

ক) ব্রাঞ্চ সেট আপ করুন- এখানে তিন ধরনের ব্রাঞ্চ হতে পারে, স্টোর(Has Stock) , প্রডাকশন (Produces) আর সার্ভিস (No Stock or Production)। সব সেলস সেন্টার গুলোই স্টোর হিসাবে চিহ্নিত করতে হবে, এই ইউনিট গুলোতে স্টক হিসাব হবে। প্রডাকশন ইউনিট গুলো প্রডাকশন করবে এবং স্টোর ইউনিটে তার উৎপাদন পাঠিয়ে দিবে। প্রডাকশন বা সার্ভিস ইউনিটে এ কোন স্টক হিসাব থাকবে না। সার্ভিস ব্রাঞ্চ যেখানে আলাদা খরচ থাকবে কিন্তু কোন বিক্রয় বা স্টোর হিসাব হবে না (যেমনঃ ট্রেনিং ইউনিট )।

খ) প্রডাক্ট ইউনিট সেটআপ – প্রতি টা প্রডাক্টের ইউনিট যেমন, পিস, লিটার, মিটার, ১০০ মিলি বোতল, ডজন প্যাকেট, ৫টির সেট ইত্যাদি। ইউনিট নিরভর করবে আপনার ক্রয় বা বিক্রয় এর উপর। একজন পাইকার যেখানে জুতা জোড়া ডজন (১২টি) কে ইউনিট ধরতে পারে, একজন ক্ষুদ্র বিক্রেতা ‘জোড়া’ কে ইউনিট ধরবে।

গ) প্রোডাক্ট সেটআপ – প্রডাক্ট এখানে তিন রকম, কাচা মাল (Raw Matrials), উৎপাদিত পণ্য (Finished Goods) আর সারভিস (Service) । আপনার প্রয়োজনীয় প্রডাক্ট তৈরী করে নিন। এখানে খেয়াল রাখতে হবে, যে যে পন্যের সমাপনি মজুত জানতে চান সেগুলিরই প্রডাক্ট এন্ট্রি দিন।

ঘ) বিক্রয় রেট – প্রতিটা পন্যের বিক্রয় মুল্য নিদৃষ্ট তারিখ নির্ভর। পরিবর্তন না করলে ঐ রেটই চলতে থাকবে। রেট হিসাবেই ভ্যাটের রেট ও এন্ট্রি দিতে হবে।

৬) চার্ট অব একাউন্টস – অন্যান্য আয় ও ব্যায়ের বিবিধ হিসাব গুলো তৈরি করুন। যেমন – মজুরী (Production Expenses), বেতন (Admin Expenses), যাতায়াত (Trading/Marketing Expenses ), বিবিধ আয় (Non Ops Income) ইত্যাদি।

**এবারে ওপেনিং ব্যাল্যান্স বা প্রারবম্ভিক জেরঃ**

২) এইবার – প্রারম্ভিক জের (Opening Balance) – প্রথমে স্টক – প্রডাক্ট ও ব্রাঞ্চ অনুসারে পরিমান ও রেট (Quantity & Rate) এন্ট্রি দিন

৩) Opening Accounts Receivable – পার্টি ব্যাল্যান্স অনুসারে দেনাদারের টাকা এন্ট্রি দিন

৪) Opening Accounts Payables – পার্টি ব্যাল্যান্স অনুসারে মুল ও পাওনাদারের টাকা এন্ট্রি দিন

৫) এবার Opening Balance বাকি ব্যালান্স (All Other Assets & Liabilities) এন্ট্রি দিন

অভিবাদন আপনার সেট আপ বা প্রস্তুতিকরন শেষ। মনে রাখবেন প্রারম্ভিক জেরে কোন আয় বা খরচের হিসাব এন্ট্রী হয় না শুধু সম্পদ, দায়ের এবং মালিকের মূলধন (মূলধন ও লাভক্ষতির হিসাব জের ) হিসাব এন্ট্রি হয়।

**প্রতি দিনের কাজ**

ক) ক্রয় এর জন্য বিল, সব ক্রয়ই বাকিতে ধরে নেওয়া হয়েছে। অতএব বিল করে বিলের পরিশোধ আলাদা এন্ট্রি দিতে হবে। ক্রয়ের ফলে স্টক স্বয়ংক্রিয় ভাবেই বেড়ে যাবে। কোন অগ্রিম পরিশোধ থাকলে তা ক্রেডিট ভাউচারে পরিশোধ করতে হবে, পরে বিলের সংগে এডজাস্ট করে নিতে হবে। ক্রয় এর ফলে ষ্টক স্বয়ংক্রিয় ভাবেই বেড়ে যাবে আলাদা কোন এন্ট্রি দিতে হবে না।

খ) বিক্রয় এন্ট্রির জন্য ইনভয়েস। ক্যাশ বিক্রয় এর জন্য ক্যাশ বিক্রয় আর বাকি বা আংশিক পরিশোধ ক্রেডিট বিক্রয় মেনুতে এন্ট্রি দিন। বিক্রয়ের ফলে স্টক স্বয়ংক্রিয় ভাবেই কমে যাবে।

গ) উৎপাদনে ইস্যুকৃত মালামাল, প্রডাকশন মেন্যুর মাধ্যমে প্রডাকশন ব্রাঞ্চে পাঠাতে হবে। এর ফলে সমাপ্তি মজুত বা ক্লোজিং ষ্টক থেকে ঐ মালামালের  টাকামুল্য “ওয়ার্ক ইন প্রসেস” এ চলে যাবে। ষ্টক রিপোর্ট এ এই অবস্থায় ক্লোজিং ষ্টক এর ভিতরে “ওয়ার্ক ইন প্রসেস” এর মুল্য দেখাবে।

ঘ) উৎপাদিত মালামাল মেন্যুর মাধ্যমে প্রডাকশন ব্রাঞ্চ থেকে ষ্টক ব্রাঞ্চে পাঠাতে হবে এখানে উৎপাদিত মালের একক প্রতি মুল্য দিতে হবে। এটি পূর্ব নিরধারিত বা প্রতি বার উতপাদনে হিসাব রাখা বা করা যায়।

ঙ) অন্যান্য খরচ ডেবিট ভাউচারের মাধ্যমে এন্ট্রি দিতে হবে।

চ) অন্যান্য আয় ক্রেডিট ভাউচারের মাধ্যমে এন্ট্রি দিতে হবে।

ছ) এক স্টোর থেকে অন্য স্টোরে ট্রান্সফার ষ্টক ট্রান্সফার ভাউচার দিয়ে করতে হবে। প্রথমে প্রদানকারী স্টোরে ট্রান্সফার এন্ট্রি দিতে হবে। এরপর গ্রহনকারী স্টোরে গ্রহন করতে হবে। গ্রহণকারী ডিপার্টমেন্ট গ্রহন না করলে সেই পন্য গুলো ষ্টক-ইন-ট্রানজিট হিসাবে ব্যালান্সশীটে আসবে।

জ) ক্রয় ফেরত বা বিক্রয় ফেরত ঐ মেন্যু তে এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে মুল পরিমান থেকে বেশী পরিমান ফেরত সম্ভব নয়।

ঝ) বাকীতে বিক্রয় বা ক্রয়ের বিপরীতে বিক্রয় বাকী গ্রহন বা ক্রয় বাকী প্রদান মেন্যুতে গিয়ে ইনভয়েস বা বিল অনুসারে এন্ট্রি দিতে হবে।

ঞ) এক ইনভয়েস বা বিল এর বিপরীতে আংশিক, এক বা একাধিক পরিশোধ এন্ট্রি করা যায়। একই ভাবে একই পেমেন্ট বা রিসিপ্টে একাধিক ইনভয়েস বা বিল এন্ট্রি দেওয়া যায়।

ট) ক্যাশ থেকে ব্যাংক বা ব্যাংক থেকে ক্যাশ বা ব্যাংক থেকে ব্যাংক এর এন্ট্রি গুলো ট্রান্সফার ভাউচারের মাধ্যমে হতে হবে।

ঠ) মনে রাখতে হবে ষ্টক স্বয়ংক্রিয় ভাবেই হিসাব হবে ট্রায়াল ব্যালান্স, ইনকাম স্টেটমেন্ট বা ব্যালান্সশীটে আসবে। যেকোন ডিপার্টমেন্ট থেকে লেনদেন এন্ট্রি দেওয়া মাত্রই ব্যালেন্সশীট পর্যন্ত তৎক্ষণাৎ তৈরী হয়ে যায়।

রিপোর্টসমুহঃ

ক। ভাউচার লিস্ট

খ। ভাউচার

গ। চার্ট অব একাউন্টস

ঘ। ক্যাশ বই

ঙ। ব্যাংক বই

চ। লেজার সমুহ

ছ। রেওয়ামিল বা ট্রায়াল ব্যালান্স

জ। লেনদেনের সংক্ষেপ বা ট্রানজেকশন সামারী

ঝ। আয় এবং ব্যয় হিসাব

ঞ। ব্যালান্স শিট

ট। কষ্টশীট

ঠ। ইনভয়েস / রিটার্ন

ড। বিল / রিটার্ন

ইত্যাদি

Advance Bangla Software & Technology Ltd.
Planners Tower, Flr # 14, Rm # 4, 13A CR Dutta Rd. Banglamotor. Dhaka.
Tel 01711540378, 58615792. Email md@ABSTLtd. Com  Web: Abstltd.com